

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
কুর্মিটোলা, ঢাকা-১২২৯  
www.caab.gov.bd



নম্বর ৩০.৩১.০০০০.২৩১.৫৩.০০৪.১৮.৮৪

তারিখ: ৯ বৈশাখ ১৪২৮

২২ এপ্রিল ২০২১

‘ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি’

বিষয়: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের (ক)বহতল কারপার্কিং এর পাবলিক এবং (খ) এয়ারপোর্ট রেস্টুরেন্টের সম্মুখে ১৫৬৭.০৮ বর্গফুট পরিমাপের দোকানের ইজারা দরপত্র উন্মুক্ত কার্যক্রম স্থগিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, হযরতশাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের-

(ক) বহতল কারপার্কিং এর নীচ তলায় ২টি এবং দ্বিতীয় তলায় ২টি মোট ৪টি পাবলিক টয়লেট ইজারা প্রদানের নিমিত্ত অত্র কর্তৃপক্ষের স্মারক নং-৮০৬, তারিখ: ০৪-০৪-২০২১ খ্রিঃ মূলে জারীকৃত ‘ইজারা দরপত্র বিজ্ঞপ্তি’ অনুযায়ী ২৬-০৪-২০২১ খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকায় দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময় নির্ধারিত ছিল; এবং

(খ) এয়ারপোর্ট রেস্টুরেন্টের সম্মুখে ১৫৬৭.০৮ বর্গফুট পরিমাপের ভবনটি ফটোস্ট্যাট, ফোন, ফ্যাক্স ও স্টেশনারী দোকানটি ইজারা প্রদানের নিমিত্ত অত্র কর্তৃপক্ষের স্মারক নং-৮১০, তারিখ: ০৪-০৪-২০২১ খ্রিঃ মূলে জারীকৃত ‘ইজারা দরপত্র বিজ্ঞপ্তি’ অনুযায়ী ২৮-০৪-২০২১ খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকায় দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময় নির্ধারিত ছিল;

২.০ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রজ্ঞাপন অনুযায়ী আগামী ২৮-০৪-২০২১ খ্রিঃ পর্যন্ত সাধারণ ছুটি থাকায় বর্ণিত দু’টি কাজের দরপত্র ওপেনিং কার্যক্রম এতদ্বারা স্থগতি করা হলো। পরবর্তী ওপেনিং এর তারিখ ও সময় সিএএবি’র ওয়েবসাইট (www.caab.gov.bd) -এ জানিয়ে দেয়া হবে।

২২-৪-২০২১

ইসরাত জাহান পান্না

উপপরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সদস্য (প্রশাসন), সদস্য (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ২) পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৩) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৪) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ৫) এরোড্রাম কর্মকর্তা (এটিএম), টেলিকম এন্ড অপারেশন (সদর দপ্তর) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি’র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।



নথি নং- ৩০.৩১.০০০০.২৩১.৫৩.০০৫.১৯/৫০৭

তারিখ- ০৪/০৪/২০২১ খ্রি.


‘ইজারা দরপত্র বিজ্ঞপ্তি’

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের বহুতল কারপার্কিং নীচ তলায় পুরুষ ও মহিলা ২টি এবং দ্বিতীয় তলায় পুরুষ ও মহিলা ২টি মোট ০৪ (চার) টি পাবলিক টয়লেট ব্যবহারকারীদের নিকট হতে প্রবেশ ফি আদায়ের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তির মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে :

ক্র: নং	বিবরণ	অবস্থান
১.	হাশাআবি’র বহুতল কারপার্কিং পাবলিক টয়লেট	: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের নীচ তলায় ২টি এবং দ্বিতীয় তলায় ২টি মোট ০৪টি পাবলিক টয়লেট
২.	ইজারার মেয়াদ	: প্রাথমিকভাবে ইজারাস্থল হস্তান্তরের তারিখ হতে ৩০-০৬-২০২২ খ্রি. পর্যন্ত (আর্থিক সন বিবেচনায় ১বছর হিসাবে গণ্য হবে)
৩.	প্রতি সেট ইজারা দরপত্রের নির্ধারিত মূল্য	: ১০০০/- (এক হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য)
৪.	নির্ধারিত আনুষ্ঠানিক	: আনুষ্ঠানিক হিসাবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা’র অনুকূলে ইজারা দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৫.	কর্তৃপক্ষের ন্যূনতম গড় ইজারামূল্য (বার্ষিক)	: ৫২,৩৬,০৩৪/- (বায়ান্ন লক্ষ ছত্রিশ হাজার চৌত্রিশ) টাকা মাত্র
৬.	দরপত্র বিক্রয়ের স্থান ও সময়	: অফিস চলাকালীন নিম্নবর্ণিত স্থানসমূহ হইতে ইজারা দরপত্র ক্রয় করা যাবে: ক) পিএ টু সদস্য (পরিঃ ও পরিঃ) খ) পিএ টু প্রধান প্রকৌশলী গ) হাশাআবি’র হিসাব শাখা ঘ) সদর দপ্তর, হিসাব শাখা ঙ) প্রশাসন (সম্পত্তি) শাখা
৭.	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	: ২৫/০৪/২০২১ খ্রি. তারিখ অফিস চলাচলকালীন সময় পর্যন্ত
৮.	দরপত্র দাখিলের স্থান তারিখ ও সময়	: পরিচালক (প্রশাসন) এর দপ্তর, ৬ষ্ঠ তলা (5 <sup>th</sup> Floor), নবনির্মিত সদর দপ্তর, সিএএবি ২৬/০৪/২০২১ খ্রি. বেলা: ১২.০০ ঘটিকা পর্যন্ত
৯.	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	: পরিচালক (প্রশাসন) এর দপ্তর, ৬ষ্ঠ তলা (5 <sup>th</sup> Floor), নবনির্মিত সদর দপ্তর, সিএএবি ২৬/০৪/২০২১ খ্রি. বেলা: ১২.৩০ ঘটিকায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) ইজারা দরপত্র খোলা হবে।

অন্যান্য শর্তাবলী: (ক) নিজ নিজ সংস্থা/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ইজারা দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে। (খ) সীল মোহরকৃত খামের উপর কাজের নাম সুস্পষ্টভাবে লিখে ইজারা দরপত্র দাখিল করতে হবে। (গ) ইজারা দরপত্রের শর্তাবলী প্রযোজ্য হবে। (ঘ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা দরপত্র গ্রহণ বা আংশিক বাতিল বা সমস্ত ইজারা দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। (ঙ) বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে।

০৪৬ xx1

  
০৪/০৪/২১  
(ইসরাত জাহান পান্না)  
উপপরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)